



'समानो मन्त्रः समितिः समानी'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Programme 5th Semester Examination, 2021

DSE1/2-P1-BENGALI

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

The question paper contains paper DSE-1A and DSE-1B
The candidates are required to answer any one from the two courses.
Candidates should mention it clearly on the Answer Book.

DSE-1A (উপন্যাস)

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) 'আলালের ঘরে দুলাল' গ্রন্থটি কার লেখা? এই গ্রন্থে বাংলা উপন্যাসের দুটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য লেখো।
- (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসটির মধ্যে কোন্ সামাজিক সমস্যার উল্লেখ আছে? সেই সমস্যা কোন্ কোন্ চরিত্রে প্রকাশ পায়?
- (গ) কল্লোল গোষ্ঠীর তিনজন উপন্যাসিকের নাম ও তাঁদের একটি করে উপন্যাসের নাম লেখো।
- (ঘ) তৎকালীন বিধবা বিবাহ সমস্যা প্রভাব ফেলেছে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের এমন তিনটি উপন্যাসের নাম লেখো।
- (ঙ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে প্রথম উইলে হরলাল ও গোবিন্দলাল সম্পত্তির কতখানি করে অংশ পেয়েছিল? তাছাড়া আর কে কে সম্পত্তির অংশ কতটুকু করে পেত?
- (চ) 'দেনা পাওনা' উপন্যাসে দেনাদার ও পাওনাদার কে বা কারা?

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) ঊনবিংশ শতাব্দীর রাজনৈতিক আন্দোলন বঙ্কিমের উপন্যাসে কতটা প্রভাববিস্তার করেছে তা আলোচনা করো।
- (খ) পঞ্চাশের মন্বন্তরের প্রেক্ষিতে রচিত বাংলা উপন্যাস সম্বন্ধে আলোচনা করো।
- (গ) বারুণী সরোবরের পরিচয় দাও এবং 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে এই সরোবরের ভূমিকা আলোচনা করো।
- (ঘ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের হরলাল চরিত্রটি বিশ্লেষণ করো।
- (ঙ) 'দেনা পাওনা' উপন্যাসে নির্মল-হেমর দাম্পত্য জীবনের উপকাহিনী কীভাবে মূল কাহিনীকে প্রভাবিত করেছে তা আলোচনা করো।
- (চ) ষোড়শী কীভাবে অলকাতে রূপান্তরিত হলো - সে সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) বাংলা উপন্যাসে বঙ্গভঙ্গ আন্দোলনের প্রেক্ষিত ও প্রভাব সম্বন্ধে আলোচনা করো।

- (খ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে উইল পরিবর্তন কীভাবে উপন্যাসের ঘটনা ও চরিত্রকে নিয়ন্ত্রিত করেছে তা আলোচনা করে দেখাও।
- (গ) সামাজিক উপন্যাস কাকে বলে? ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসকে সামাজিক উপন্যাস বলা যায় কিনা তা বিচার করো।
- (ঘ) ‘দেনা পাওনা’ উপন্যাসের ধর্মীয় ও আর্থ-সামাজিক পটভূমি সম্পর্কে বিশদ আলোচনা করো।

DSE-1B (ছোটগল্প)

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ‘বর্ষাযাপন’ কবিতায় রবীন্দ্রনাথ ঠাকুর ছোটগল্পের যে সংজ্ঞা দিয়েছেন, তা লেখো।
- (খ) “মা হবার দুঃখটুকু পেলুম; কিন্তু মা হবার মুক্তিটুকু পেলুম না।” – কোন্ গল্পের, কার উক্তি? এই উক্তির মধ্য দিয়ে কী মানসিকতা ফুটে উঠেছে?
- (গ) বাংলা সাহিত্যের তিনজন মহিলা ছোটগল্পকার এবং তাঁদের একটি করে ছোটগল্পের নাম লেখো।
- (ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘মহেশ’ গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? এই গল্পের দু’টি চরিত্রের নাম লেখো।
- (ঙ) পরশুরামের ‘তৃতীয় দ্যুতসভা’ গল্পটি কোন্ ধরনের গল্প? এটি তাঁর কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত?
- (চ) “বোনকে কাপড় দিয়ে বউ-এর সঙ্গে মস্করা? যমের অরুচি, লক্ষ্মীছাড়া” – গল্পের নাম ও প্রসঙ্গ উল্লেখ করো।

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) বাংলা ছোটগল্পের ধারায় কল্লোলকালের লেখক গোষ্ঠীর অভিনবত্ব সংক্ষেপে উল্লেখ করো।
- (খ) বাংলা ছোটগল্পের উদ্ভব লগ্নে কিছু ক্ষুদ্র রচনার সাক্ষাৎ মেলে – এই জাতীয় রচনার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) ‘দুঃশাসনীয়’ গল্পের রাবেয়া চরিত্রটি আলোচনা করো।
- (ঘ) ‘তৃতীয় দ্যুতসভা’ গল্পের লেখকের প্রকৃত নাম কী? এই গল্পে কুরুক্ষেত্রের যুদ্ধের পঁচিশ দিন পূর্বের পাণ্ডব শিবিরের যুদ্ধ প্রস্তুতির বর্ণনা দাও।
- (ঙ) তারাশংকর বন্দ্যোপাধ্যায়ের ‘জলসাঘর’ ছোটগল্পে নবীন ও প্রবীণের দ্বন্দ্ব আলোচনা করো।
- (চ) মানবেতর প্রাণীর প্রতি মানুষের হৃদয়-বাৎসল্য ‘মহেশ’ গল্পে কীভাবে ব্যক্ত হয়েছে, তা আলোচনা করো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) উনিশ শতকে বাংলা ছোটগল্পের অবির্ভাব ও বিকাশের প্রেক্ষাপট সম্পর্কে আলোচনা করো।
- (খ) এ স্বামীর কাছে স্ত্রীর পত্র নয়, পুরুষের কাছে নারীর পত্র, গল্পটির নাম নারীর পত্র হইতে পারিত। – ‘স্ত্রীর পত্র’ গল্পটির নামকরণ যথার্থ কিনা আলোচনা করো।
- (গ) ‘জলসাঘর’ গল্পের বিশ্বম্ভর রায় চরিত্রটি আলোচনা করো।
- (ঘ) ‘মহেশ’ গল্পে মহেশের মৃত্যুর জন্য কে বা কারা দায়ী — আলোচনা করো।

—x—